

## আন-নিসা | An-Nisa | النّسَاءُ

আয়াতঃ ৪ : ৫০

### আরবি মূল আয়াত:

أَنْظُرْ كَيْفَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ ۖ وَ كَفَىْ بِهِ إِثْمًا مُّبِينًا ۝ (৫٠) ۝

### A ॥ অনুবাদসমূহ:

দেখ, কেমন করে তারা আল্লাহর উপর মিথ্যা রটনা করে। আর প্রকাশ্য পাপ হিসেবে এটিই যথেষ্ট। — আল-বায়ান

দেখ, এরা আল্লাহর সম্বন্ধে কেমন মিথ্যে রচনা করে, সুস্পষ্ট গুনাহের জন্য এটাই যথেষ্ট। — তাইসিরুল

লক্ষ্য করঃ তারা কিরণে আল্লাহর প্রতি মিথ্যা অপবাদ দিচ্ছে! স্পষ্ট অপরাধী হওয়ার জন্য এটাই যথেষ্ট। — মুজিবুর  
রহমান

Look how they invent about Allah untruth, and sufficient is that as a manifest sin. — Sahih International

৫০. দেখুন! তারা আল্লাহ সম্বন্ধে কিরণ মিথ্যা উভাবন করে; আর প্রকাশ্য পাপ হিসেবে এটাই যথেষ্ট।

-

তাফসীরে জাকারিয়া

(৫০) দেখ! তারা আল্লাহ সম্বন্ধে কিরণ মিথ্যা উভাবন করছে। [১] আর প্রকাশ্য পাপ হিসাবে এটিই যথেষ্ট। [২]

[১] অর্থাৎ, নিজেদের পবিত্রতার দাবী করে।

[২] অর্থাৎ, তাদের পবিত্র হওয়ার দাবী তাদের মিথ্যক হওয়ার জন্য যথেষ্ট। কুরআনে কারীমের এই আয়াত এবং তার শানে নুযুলের বর্ণনা থেকে প্রতীয়মান হয় যে, একে অপরের প্রশংসা করা বিশেষ করে আত্মপ্রশংসা করার দাবী করা ঠিক ও জায়েয নয়। এই কথাটাকেই মহান আল্লাহ কুরআনের অন্যত্র এইভাবে বলেছেন, **فَلَا تُنْزِكُوا!** [النجم: 32] “অতএব তোমরা আত্মপ্রশংসা করো না। আল্লাহই ভাল জানেন তোমাদের মধ্যে আল্লাহভীর কে?” (সূরা নাজমঃ ৩২) মিকদাদ (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে এসেছে যে, নবী করীম (সাঃ) আমাদেরকে নির্দেশ দিয়েছেন, আমরা যেন মুখোমুখি প্রশংসাকারীদের মুখে ধুলো ছিটিয়ে দিই।” (মুসলিম ৩০০২নং) অপর এক হাদীসে এসেছে যে, রসূল (সাঃ) এক ব্যক্তিকে অপরজনের মুখোমুখি প্রশংসা করতে দেখলে বললেন, হায় হায়! তুমি তোমার সঙ্গীর গর্দান কেটে ফেললে।” তিনি বলেন, “তোমাদের মধ্যে যদি কাউকে একান্তই তার সঙ্গীর প্রশংসা করতে হয়, তাহলে সে যেন বলে, আমি ওকে এইরূপ মনে করি। আর আল্লাহর

জানের উপর কারো প্রশংসা করি না।” (বুখারী ২৬৬২নং)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=543>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন